VIDYANAGAR COLLEGE
DEPARTMENT OF PHILOSOPHY
MODEL QUESTIONS OF PHILOSOPHY HONOURS
Paper – I
(INDIAN PHILOSOPHY)

সংক্ষিপ্ত প্রশ্নাবলি (মান - ৫)

ইউনিট - ১

১। ভূতচৈতন্যবাদ বলতে কী বোঝায় ?
২। চার্বাকমতে শব্দকে কি স্বতন্ত্র প্রমাণরূপে মানা হয় ?
৩। আস্তিক ও নাস্তিক সম্প্রদায়ের মধ্যে পার্থক্য কি ?
৪। ভূতচৈতন্যবাদের সাথে দেহাত্মবাদের সম্পর্ক কী ?
৫। চার্বাক নীতিতত্ত্বের মূল বক্তব্যের ব্যাখ্যা।
৬। জৈনমতে ‘গুণ’ ও ‘পর্যায়’।
৭। জৈন স্যাদ্‌বাদ কি এক প্রকার সংশয়বাদ ?
৮। অনেকান্তবাদ ও স্যাদ্‌বাদ কি সম্পর্কযুক্ত ?
৯। জৈনমতে দ্রব্যের স্বরূপ কী ?
১০। বৌদ্ধ ‘সৎ’ ও ‘ক্ষনিক’ শব্দ দুটির অর্থ।
১১। বৌদ্ধ স্বীকৃত পঞ্চস্কন্ধ।
১২। বিজ্ঞানবাদের মূল বক্তব্যের সংক্ষিপ্ত ব্যাখ্যা।
১৩। বৈভাষিক ও সৌত্রান্তিক সম্প্রদায়ের মূল পার্থক্যগুলি।
১৪। বৌদ্ধমতে সতের লক্ষণ কী ?
১৫। বৌদ্ধসম্প্রদায়ের বিভিন্ন দার্শনিক সম্প্রদায়ের মৌলিক বৈশিষ্ট্য।
১৬। বৌদ্ধ স্বীকৃত দ্বাদশ নিদানচক্র।

ইউনিট - ২

১। জ্ঞানলক্ষণ সন্নিকর্ষের সংক্ষিপ্ত ব্যাখ্যা।
২। ন্যায়মতে পরামর্শের লক্ষণ।
৩। বিভিন্ন প্রকার লৌকিক সন্নিকর্ষের সংক্ষিপ্ত ব্যাখ্যা।
৪। কেবল-ব্যতিরেকী অনুমানের সংক্ষিপ্ত ব্যাখ্যা।
৫। পূর্ববৎ ও শেষবৎ অনুমানের পার্থক্য।
৬। নির্বিকল্পক ও সবিকল্পক প্রত্যক্ষের মধ্যে পার্থক্য কী ?
৭। লৌকিক ও অলৌকিক সন্নিকর্ষের মধ্যে পার্থক্য কী ?
৮। স্বার্থানুমিতি ও পরার্থানুমিতির পার্থক্য।
৯। উপমান প্রমাণের সংক্ষিপ্ত পরিচয় দাও।
১০। সাংকর্য্য জাতিবাধকের ব্যাখ্যা।
১১। বৈশেষিক সম্মত কর্ম পদার্থের সংক্ষিপ্ত ব্যাখ্যা।
১২। আকাশত্ব কি জাতি?
১৩। সমবায় ও সংযোগের পার্থক্য।

১৪। বৈশেষিক সম্মত জাতিবাধক।
১৫। বৈশেষিক মতে দ্রব্যের লক্ষণ। নিত্য ও অনিত্য দ্রব্য।
১৬। বৈশেষিকমতে বিভিন্ন প্রকার কর্ম।
১৭। বৈশেষিকমতে বিশেষ স্বীকারে যুক্তি।
১৮। সংসর্গাভাব ও অন্যোন্যাভাবের পার্থক্য।

ইউনিট - ৩

১। সাংখ্যমতে গুণের স্বরূপ।
২। সাংখ্য পঞ্চবিংশতি তত্ত্ব।
৩। সৎকার্যবাদের সপক্ষে যেকোন দুটি যুক্তি।
৪। বহুপুরুষবাদ(সাংখ্যমত)।
৫। যোগ সম্মত চিত্তবৃত্তির স্বরূপ ও প্রকারভেদ।
৬। যোগ শব্দের অর্থ। যোগ দর্শনকে 'সেশ্বর সাংখ্য' বলা হয় কেন?
৭। যোগমতে চিত্তের স্বরূপ।
৮। যোগমতে চিত্তভূমির স্বরূপ ও প্রকারভেদ।
৯। যোগমতে ঈশ্বরের স্বরূপ।
১০। যোগমতে সমাধির বিভিন্ন প্রকার।
১১। অর্থাপত্তির প্রকারভেদ উদাহরণসহ।
১২। অর্থাপত্তি কি একটি পৃথক প্রমাণ?
১৩। ভাট্টমতে অভাবের জ্ঞান।

ইউনিট - ৪

১। সগুণ ব্রহ্মের স্বরূপ ব্যাখ্যা।
২। পরিণামবাদ ও বিবর্তবাদের পার্থক্য।
৩। অদ্বৈতমতে 'সৎ' , 'অসৎ' ও 'মিথ্যা' পদের অর্থ।
৪। 'জীব ও ব্রহ্ম অভিন্ন' - ব্যাখ্যা কর।
২। সত্তা ত্রৈবিধ্যবাদ।
৩। সগুণ ব্রহ্ম ও নির্গুণ ব্রহ্মের পার্থক্য।
৪। রামানুজের মতকে কেন বিশিষ্টাদ্বৈতবাদ বলা হয় ?

বর্ণনামূলক প্রশ্নাবলি : (মান - ১৬)

ইউনিট - ১

১। 'প্রত্যক্ষই একমাত্র প্রমাণ' - এই চার্বাক মতের সবিচার আলোচনা।
২। চার্বাক দার্শনিকগণ অনুমানকে স্বতন্ত্র প্রমাণ বলে স্বীকার করেন কী ?
৩। চার্বাক দেহাত্মবাদ / ভূতচৈতন্যবাদ - ব্যাখ্যা ও বিচার।
৪। চার্বাক জড়বাদের সংক্ষিপ্ত ব্যাখ্যা।
৫। চার্বাক সুখবাদ।
৬। জৈন সম্মত গুণ ও পর্যায়ের স্বরূপ ব্যাখ্যা এবং দ্রব্যের সাথে এদের সম্পর্ক।
৭। জৈন অনেকান্তবাদের ব্যাখ্যা। এর থেকে স্যাদ্‌বাদ কিভাবে নিঃসৃত হয়।
৮। জৈনমতে স্যাদ্‌বাদ ও সপ্তভঙ্গীনয়।

৯। বৌদ্ধমতে চতুর্থ আর্যসত্য।

১০। প্রতীত্যসমুৎপাদবাদ - নামক মতবাদটি ব্যাখ্যা ও বিচার কর। বৌদ্ধদর্শনে এই সিদ্ধান্তের গুরুত্ব ব্যাখ্যা কর।

১১। অর্থক্রিয়াকারিত্ব লক্ষণম্ সৎ - এর অর্থ ব্যাখ্যা কর এবং এর থেকে কিভাবে ক্ষণিকত্ববাদ নিঃসৃত হয়।

১২। ক্ষণভঙ্গবাদের ব্যাখ্যা ও বিচার।

১৩। বিভিন্ন বৌদ্ধ সম্প্রদায়গুলির বৈশিষ্ট্যের বিস্তারিত ব্যাখ্যা।

১৪। পঞ্চস্কন্ধের অতিরিক্ত কোনও নিত্য আত্মা নেই - এই বৌদ্ধ মতটি ব্যাখ্যা কর। বৌদ্ধ মতে নির্বাণ, স্মৃতি ও পুনর্জন্মের ব্যাখ্যা কিভাবে করা হয়েছে?

১৫। ক) বিজ্ঞানবাদীরা কিরূপ যুক্তির দ্বারা জ্ঞাননিরপেক্ষ বাহ্য পদার্থের অস্তিত্ব খণ্ডন করেন?
খ) অন্যান্য বৌদ্ধরা উক্ত যুক্তি কিভাবে খণ্ডন করেন?

ইউনিট - ২

১। ন্যায়মতে প্রত্যক্ষ। ন্যায়মতে নির্বিকল্পক ও সবিকল্পক প্রত্যক্ষের পার্থক্য। নির্বিকল্পক প্রত্যক্ষের অস্তিত্বের পক্ষে প্রমাণ।

২। লৌকিক সন্নিকর্ষের বিভিন্ন প্রকারগুলির দৃষ্টান্তসহ আলোচনা কর।

৩। অলৌকিক প্রত্যক্ষের বিভিন্ন প্রকারগুলির দৃষ্টান্তসহ আলোচনা কর।

৪। অনুমতির সঙ্গে পরামর্শ ও ব্যাপ্তিজ্ঞানের সম্পর্ক। ন্যায়মতে ব্যাপ্তিগ্রহের উপায়গুলির ব্যাখ্যা।

৫। স্বার্থানুমিতি ও পরার্থানুমিতির পার্থক্য নির্দেশ কর। এই প্রসঙ্গে পঞ্চাবয়বী ন্যায়ের স্বরূপের দৃষ্টান্তসহ ব্যাখ্যা।

৬। উপমান প্রমানের ন্যায় সম্মত ব্যাখ্যা কর। উপমান কি একটি স্বতন্ত্র প্রমাণ?

৭। ন্যায়মতে অনুমানের প্রকার।

৮। ন্যায়মতে শব্দ কি একটি পৃথক প্রমাণ? আলোচনা কর।

৯। ন্যায়মতে ব্যাপ্তির স্বরূপ ব্যাখ্যা কর।

১০। বৈশেষিক মতে পদার্থ বলতে কী বোঝ? যেকোন একটি পদার্থের স্বরূপ ব্যক্ত কর।

১১। বৈশেষিক স্বীকৃত বিভিন্ন প্রকার দ্রব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও। এই মতে নিত্য ও অনিত্য দ্রব্যের প্রকারভেদ। বৈশেষিকগণ কি নির্গুণ দ্রব্য স্বীকার করেন?

১২। বৈশেষিক সম্মত সমবায় পদার্থের স্বরূপ ব্যক্ত কর। এর সাথে সংযোগ পদার্থের পার্থক্য ব্যাখ্যা কর। সমবায় কে কিভাবে জানা যায়?

১৩। বৈশেষিকমতে সামান্যের লক্ষণ ব্যাখ্যা কর। সামান্য কি স্বতন্ত্র পদার্থ? আলোচনা কর। সামান্যের প্রকারভেদের দৃষ্টান্তসহ ব্যাখ্যা কর। জাতিবাধকের প্রকারভেদের দৃষ্টান্তসহ আলোচনা। আকাশ কি একটি জাতি পদার্থ ? আলোচনা কর।

১৪। বৈশেষিক সম্মত জাতি পদার্থের লক্ষণ ব্যাখ্যা কর। বিশেষকে অতিরিক্ত পদার্থ হিসাবে স্বীকারের স্বপক্ষে যুক্তি। একটি বিশেষ অপর একটি বিশেষ থেকে ভিন্ন কি অভিন্ন - আলোচনা কর।

১৫। বৈশেষিক সম্মত অভাব পদার্থ ও তার প্রকারভেদের আলোচনা কর। এই দর্শনে অভাবকে একটি স্বতন্ত্র পদার্থ হিসাবে স্বীকার করা হয় কেন?

ইউনিট - ৩

১। সাংখ্য সম্মত সৎকার্যবাদের স্বপক্ষে প্রধান যুক্তি। সৎকার্যবাদ খণ্ডনে অসৎকার্যবাদীর যুক্তিগুলি কী কী?

২। প্রকৃতির স্বরূপ ব্যাখ্যা কর। প্রকৃতির অস্তিত্বের পক্ষে প্রমাণগুলি কী ? পুরুষ ও প্রকৃতির পার্থক্য আলোচনা কর।

৩। সাংখ্য মতে গুণ, গুণের সঙ্গে প্রকৃতির সম্পর্ক এবং গুণের অস্তিত্বের স্বপক্ষে যুক্তি আলোচনা কর।

৪। সাংখ্য সম্মত পুরুষের স্বরূপ ব্যাখ্যা। সাংখ্য দর্শনে পুরুষের অস্তিত্ব কিভাবে প্রমাণিত হয় ? পুরুষ এক না বহু ? যুক্তিসহ আলোচনা কর।

৫। সাংখ্যমতে জগৎ সৃষ্টির ব্যাখ্যা বা সাংখ্য অভিব্যক্তিবাদের ব্যাখ্যা।

৬। যোগ দর্শন অনুযায়ী সমাধির বিভিন্ন প্রকারগুলির ব্যাখ্যা কর। সমাধি লাভের জন্য আবশ্যিক যোগাঙ্গগুলির ব্যাখ্যা কর।

৭। যোগমতে চিত্ত ও চিত্তবৃত্তি।

৮। চিত্তভূমি ও প্রকারভেদ।

৯। অষ্টাঙ্গযোগ - ব্যাখ্যা প্রদান কর।

১০। যোগদর্শনে ঈশ্বরের স্বরূপ ও বিশেষ স্থান আলোচনা কর। যোগ দর্শনে কিভাবে ঈশ্বরের অস্তিত্ব প্রমাণ করা হয়।

৯। অর্থাপত্তি ও অনুপলব্ধি প্রমানের স্বরূপ এবং এ সম্পর্কে ন্যায়মত আলোচনা কর।

ইউনিট - ৪

১। শঙ্করাচার্যের মতানুসারে ব্রহ্মের স্বরূপ। এই প্রসঙ্গে সগুণ ও নির্গুণ ব্রহ্মের পার্থক্য। বা ব্রহ্ম ও ঈশ্বরের মধ্যে পার্থক্য।

২। সত্তার বিভিন্ন প্রকার ও ব্যাখ্যা।

৩। শঙ্করের মতে মায়ার স্বরূপ। শঙ্করের মতে জগৎ কি অর্থে মিথ্যা। ব্রহ্মের সঙ্গে মায়ার সম্বন্ধ।

৪। রামানুজের মতবাদকে বিশিষ্টাদ্বৈতবাদ বলা হয় কেন ? রামানুজের মতানুসারে ব্রহ্মের স্বরূপ।

৫। রামানুজ কর্তৃক শঙ্করের মায়াবাদ খণ্ডন।

৬। রামানুজের মতে ব্রহ্মের সঙ্গে জীব ও জগতের সম্বন্ধ।

৭। শঙ্করাচার্যের মতানুসারে জীব ও ব্রহ্মের সম্পর্ক ব্যাখ্যা কর। এ সম্পর্কে রামানুজের মতামত বল।

Paper – II
(PSYCHOLOGY & SOCIAL-POLITICAL PHILOSOPHY)

সংক্ষিপ্ত প্রশ্নাবলি :   (প্রশ্নমান - ৫)

ইউনিট - ১

১। পরীক্ষণ পদ্ধতিতে ব্যবহৃত নিয়ন্ত্রিত দল ও পরীক্ষণমূলক দলের পার্থক্য।
২। 'Veriable' কাকে বলে ? এর বিভিন্ন প্রকারগুলি কী?
৩। সংবেদন ও প্রত্যক্ষের পার্থক্য।
৪। সংবেদনের ক্ষেত্র বলতে কী বোঝ ?
৫। প্রত্যক্ষ সম্পর্কে গেষ্টাল্ট মত।
৬। পরীক্ষণ পদ্ধতির সীমাবদ্ধতা।
৭। শিক্ষণ কাকে বলে ? থর্ণডাইকের শিক্ষণসূত্রগুলি কী কী ?
৮। সাপেক্ষ প্রতিবর্ত ক্রিয়া।
৯। 'Controls in experiment' বা 'পরীক্ষণ পদ্ধতির নিয়ন্ত্রণ' বলতে কি বোঝায় ?

ইউনিট - ২

১। 'মিথস্ক্রিয়াবাদ' বলতে কি বোঝায় ?
২। চেতনার বৈশিষ্ট্যগুলির ব্যাখ্যা।
৩। মনের বিভিন্ন স্তরগুলি কী ?
৪। সংবেদনের ক্ষেত্র
৫। স্বপ্নকৃতি।
৬। স্ট্রসনের 'Person theory' -র মূল বক্তব্য কী ?
৭। অচেতন স্তরের অস্তিত্বের পক্ষে অন্ততঃ ২টি যুক্তি।
৮। Intelligence প্রসঙ্গে বিনে-সিঁমো অভিক্ষা।
৯। I. Q. বলতে কী বোঝায় ?
১০। বুদ্ধ্যঙ্ক নির্ণয়ের উপায়।

ইউনিট - ৩

১। সমাজের বৈশিষ্ট্যগুলি কী কী ?
২। সমাজ ও রাষ্ট্রদর্শনের সম্পর্ক কি প্রকার ?
৩। সম্প্রদায় কাকে বলে ? সম্প্রদায়ের ভিত্তিগুলি কী কী ?
৪। সম্প্রদায়গত মনোভাব।
৫। 'আমরা সঙ্ঘের সদস্য কিন্তু প্রতিষ্ঠানের সদস্য নই' - ব্যাখ্যা।
৬। অনুষ্ঠান-প্রতিষ্ঠান কাকে বলে ?
৭। পরিবার কাকে বলে ? এর বিভিন্ন প্রকারগুলি কী ?
৮। পরিবারের আবশ্যিক উপাদান বা বৈশিষ্ট্য
৯। সমাজ ও ব্যক্তির সম্পর্ক প্রসঙ্গে তিনটি তত্ত্বের সংক্ষিপ্ত বিবরণ দাও।
১০। সমাজ দর্শনের স্বরূপ।

ইউনিট - ৪

১। ধর্মনিরপেক্ষতা বলতে কি বোঝ ?
২। সমাজ পরিবর্তন বলতে কি বোঝায় ?
৩। সমাজ পরিবর্তন ও বিবর্তনের মধ্যে কি সম্পর্ক ?
৪। নৈরাষ্ট্রবাদ কাকে বলে ?
৫। কাল্পনিক সমাজতন্ত্র কাকে বলে ?
৬। গান্ধীজির অহিংসা তত্ত্ব।
৭। সমাজতন্ত্র কী ? সমাজতন্ত্রের বিভিন্ন ত্রুটি
৮। বৈজ্ঞানিক সমাজতন্ত্রের স্বরূপ।
৯। সামাজিক পরিবর্তনের স্বরূপ।
১০। সমাজ পরিবর্তন সম্পর্কে গান্ধীজী।

বর্ণনামূলক প্রশ্নাবলী (মান - ১৬)

ইউনিট - ১

১। অন্তদর্শন পদ্ধতি কি ? এই পদ্ধতি সম্পর্কে ব্যবহারবাদীদের আপত্তি। ব্যবহারবাদীদের আপত্তি সম্পর্কে তোমার অভিমত।
২। 'আমাদের সব অন্তদর্শনই বাস্তবে পশ্চাদ্দর্শন' - এই সম্পর্কে তোমার অভিমত। যদি এই বক্তব্য সত্য হয়, তবে অন্তদর্শনকে কি মনোবিজ্ঞানের পদ্ধতিরূপে গ্রহণ করা যাবে ? আলোচনা কর।
৩। বস্তুগত ও বিষয়ীগত পর্যবেক্ষণের মধ্যে পার্থক্য। বৈজ্ঞানিক পদ্ধতিরূপে পর্যবেক্ষণের প্রধান ত্রুটিগুলি কী কী ? এই প্রসঙ্গে অন্তদর্শন পদ্ধতির সুবিধাগুলির আলোচনা।
৪। পরীক্ষণ পদ্ধতির ব্যাখ্যা কর। মনোবিজ্ঞানে এই পদ্ধতির প্রয়োগ দৃষ্টান্তসহ আলোচনা কর।
৫। নিরপেক্ষ ভেদ্য কি ? সাপেক্ষ ভেদ্য কাকে বলে ? মনোবিজ্ঞানে পরীক্ষণ পদ্ধতির প্রয়োগের ক্ষেত্রে এদের ভূমিকা কী ? দৃষ্টান্তসহ আলোচনা কর।
৬। নিয়ন্ত্রিত দল কাকে বলে ? পরীক্ষণমূলক দল কাকে বলে ? দৃষ্টান্তসহ আলোচনা কর। কোন একজন ব্যক্তি কি নিয়ন্ত্রিত ও পরীক্ষণমূলক বিষয়ীরূপে কাজ করতে পারে ? আলোচনা কর।
৭। সংবেদন কাকে বলে ? সংবেদনের ধর্ম কী কী ? সংবেদনের স্থনীয় বৈশিষ্ট্য কাকে বলে ? উদাহরণসহ আলোচনা কর।
৮। উদ্দীপক কাকে বলে ? সংবেদনের সাথে এর পার্থক্য নির্ণয় কর। প্রত্যক্ষ কাকে বলে ? সংবেদনের সাথে এর পার্থক্য। বিশুদ্ধ সংবেদন সম্ভব কী ?
৯। গেষ্টাল্ট প্রত্যক্ষবাদ, ব্যাখ্যা ও বিচার।
১০। গেষ্টাল্টের শিক্ষণতত্ত্ব, ব্যাখ্যা ও বিচার।
১১। প্যাভলভের শিক্ষণতত্ত্ব।
১২। স্কিনারের Operant Conditioning তত্ত্বের ব্যাখ্যা ও বিচার।

ইউনিট - ২

১। Double aspect theory অনুসারে দেহ-মন তত্ত্ব।
২। Identity theory-র ব্যাখ্যা ও বিচার।
৩। দেহ-মনের সম্পর্ক বিষয়ে ক্রিয়া-প্রতিক্রিয়াবাদের ব্যাখ্যা ও বিচার।

৪। মন ও চেতনা কি সমব্যাপক ? নির্জ্ঞান মনের অস্তিত্বের সপক্ষে ফ্রয়েড প্রদত্ত যুক্তিগুলি ব্যাখ্যা কর।
৫। ফ্রয়েডের স্বপ্নতত্ত্ব - ব্যাখ্যা ও বিচার।
৬। Terman-Meril এবং Wecshler Test - ব্যাখ্যা কর।
৭। বুদ্ধি সম্পর্কে বিনে-সিঁমো অভীক্ষা বর্ণনা কর। এই অভীক্ষার সমস্যাগুলি উল্লেখ কর। টারম্যান-মেরিল এই অভীক্ষার কীভাবে উন্নতি সাধন করেন ?

<u>ইউনিট - ৩</u>

১। সমাজের সংজ্ঞা। সংজ্ঞা অনুসারে এর বিবরণ।
কেন সমাজকে সম্পর্কের জটাজাল বলা হয় ?
বিভিন্ন প্রকার সমাজগুলি কী কী ?
সমাজের ভিত্তি বলতে কি বোঝ ?
২। সমাজদর্শনের আলোচ্য বিষয় কী কী ? রাষ্ট্রদর্শনের সঙ্গে সমাজদর্শনের সম্পর্ক আলোচনা কর।
৩। সম্প্রদায় কাকে বলে ? সম্প্রদায়ের ভিত্তিগুলি কী কী ? এর সঙ্গে সংঘ-সমিতির পার্থক্য কী ?
৪। নিম্নের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও :
ক) মঠকে কি সম্প্রদায় বলা যায় ?
খ) কোন জাতীয় রাজনৈতিক দলকে কি সম্প্রদায় বলা যায় ?
গ) কোন ধর্মীয় গোষ্ঠী কি একটি সম্প্রদায় ?
ঘ) জেল খানা কি একটি সম্প্রদায় ?
৫। অনুষ্ঠান কাকে বলে ? প্রতিষ্ঠানের সঙ্গে এর সম্পর্ক কি ? হাসপাতাল একটি অনুষ্ঠান , না একটি প্রতিষ্ঠান ? আলোচনা কর।
৬। আধুনিক পরিবারের বৈশিষ্ট্য ও ভূমিকা - সামাজিক প্রেক্ষাপটে ব্যাখ্যা কর।
৭। পরিবারের স্বরূপ ও বিভিন্ন প্রকার।
৮। মার্ক্সীয় শ্রেণীতত্ত্বের ব্যাখ্যা ও বিশ্লেষণ কর।
৯। ব্যক্তি ও সমাজের সম্পর্ক বিষয়ক তিনটি মতবাদ। (প্রত্যেকটি মতবাদের পৃথক ব্যাখ্যা ও বিচার - ব্যক্তিকেন্দ্রিকতত্ত্ব, জৈবতত্ত্ব, ভাববাদী তত্ত্ব)।

<u>ইউনিট - ৪</u>

১। ধর্মনিরপেক্ষতা - সংজ্ঞা, বৈশিষ্ট্য। ভারতবর্ষে ধর্মনিরপেক্ষতার পরিচয়।
২। সামাজিক পরিবর্তন ও বিবর্তনের পার্থক্য।
৩। মার্ক্সীয় সমাজ পরিবর্তনের স্বরূপ।
৪। গান্ধীর মতে সমাজ পরিবর্তনের স্বরূপ।
৫। গণতন্ত্রের স্বরূপ ও বিভিন্ন প্রকার।
৬। উদারনৈতিক গণতন্ত্রের ব্যাখ্যা ও বিচার কর। গণতন্ত্রের ত্রুটিগুলি কীভাবে দূর করা সম্ভব ?
৬। বৈজ্ঞানিক সমাজতন্ত্র কাকে বলে ? ও কাল্পনিক সমাজতন্ত্র কাকে বলে ? এদের পার্থক্য ব্যাখ্যা কর।
৭। নৈরাজ্যবাদের স্বরূপ তুলে ধর।

Paper – III
(HISTORY OF WESTER PHILOSOPHY)

সংক্ষিপ্ত প্রশ্নাবলী (মান - ৫)

ইউনিট - ১

১। প্লেটোর মতে প্রকৃত জ্ঞানের লক্ষণ।
২। প্লেটোর মতে জাতি ও আকারের বৈশিষ্ট্যগুলি কী কী ?
২। প্লেটোর ধারণাতত্ত্বে 'অংশগ্রহণ' কথার তাৎপর্য। (participation)
৩। প্লেটো 'জাতি' বলতে কী বুঝিয়েছেন ?
৪। অ্যারিষ্টটল কি 'বিশুদ্ধ উপাদানে'র বাস্তবতা স্বীকার করেন ?
৫। অ্যারিষ্টটল পরম কারণ বলতে কী বুঝিয়েছেন ?
৬। প্লেটোর মতে 'জ্ঞান' ও 'বিশ্বাস' কি ভিন্ন ?
৮। অ্যারিষ্টটল প্রদত্ত 'তৃতীয় মানব' যুক্তিটি আলোচনা কর।
৯। অ্যারিষ্টটল প্রদত্ত কারণের প্রকারগুলির সংক্ষিপ্ত বিবরণ দাও।

ইউনিট - ২

১। 'সত্যতার মানদণ্ড' বলতে দেকার্ত কী বুঝিয়েছেন ?
২। দেকার্তের মতে ধারণা কয় প্রকার ও কী কী ?
৩। দেকার্ত কত প্রকার ধারণা স্বীকার করেন ?
৪। ঈশ্বরের অস্তিত্বের সপক্ষে দেকার্তের লক্ষণভিত্তিক যুক্তিটির মূল বক্তব্য কি ?
৫। কার্তেজীয় সংশয়মূলক পদ্ধতিটি ব্যাখ্যা কর।
৬। 'ঈশ্বরের প্রতি বৌদ্ধিক অনুরাগ প্রকাশ বলতে স্পিনোজা কি বুঝিয়েছেন ?
৭। স্পিনোজার মতে ঈশ্বরের গুণ ও প্রকার কী ?
৮। স্পিনোজার মতে দ্রব্যের বৈশিষ্ট্যগুলি।
৯। প্রত্যংশ ও বিকারের মধ্যে পার্থক্য স্পিনোজার দৃষ্টিকোণ থেকে।
৫। লাইবনিজের মতে চিৎ-পরমাণু কী ?
৬। চিৎ-পরমাণুর বিভিন্ন প্রকারগুলি কী কী ?
৮। বৌদ্ধিক সত্য ও ব্যাপার ঘটিত সত্যের মধ্যে পার্থক্য।
৯। লাইবনিজ স্বীকৃত পর্যাপ্ত শর্তের নীতি।
১০। Identity of indiscernibles

ইউনিট - ৩

১। লকের মতে সরল ও জটিল ধারণার পার্থক্য।
২। লকের মতে দ্রব্যের স্বরূপ।
৩। মুখ্য গুণ ও গৌণ গুণের পার্থক্য।
৪। লকের মতে জটিল ধারণা কয় প্রকার ও কী কী ? প্রতিটির উদাহরণ দাও।
৫। বার্কলে কর্তৃক লক প্রদত্ত মুখ্যগুণ ও গৌণগুণের পার্থক্য খণ্ডন।
৬। প্রতিরূপী বস্তুবাদের মূল বক্তব্য।

৭। বার্কলের আত্মগত ভাববাদের স্বরূপ সংক্ষিপ্ত আকারে।
৮। বার্কলে দর্শনে ঈশ্বরের ভূমিকা।
৯। বার্কলের মতে ess-est-percipi -এর মূল বক্তব্য।
১০। বার্কলে কি বর্হিজগতের অস্তিত্ব অস্বীকার করেছেন ? উত্তরের সপক্ষে যুক্তি দাও।
১১। লক যে অর্থে 'ধারণা' শব্দটি ব্যবহার করেছেন আর হিউম যে অর্থে ঐ শব্দটি ব্যবহার করেছেন - এই দুইয়ের মধ্যে পার্থক্য কোথায় ?
১২। হিউমের মতে '২+২=৪' ও 'সূর্য পূর্বদিকে ওঠে' এই দুটি বচনের মধ্যে পার্থক্য কী ?
১৩। হিউমের মতে মুদ্রণ ও ধারণার পার্থক্য।
১৪। হিউমের মতে ধারণার সম্বন্ধ বিষয়ক বচন ও বস্তুস্থিতি বিষয়ক বচনের মধ্যে পার্থক্য কী ?
১৫। Personal identity।
১৬। হিউম কিভাবে পূর্বগামী ও অনুগামী সংশয়বাদের মধ্যে পার্থক্য করেন ?

ইউনিট - ৪

১। 'বিচারবাদ' কথাটির তাৎপর্য।
২। পূর্বতঃসিদ্ধ ও পরতসাধ্য অবধারণের পার্থক্য।
৩। সংশ্লেষক ও বিশ্লেষক অবধারণের পার্থক্য।
৪। কান্টের মতে অভিজ্ঞতাপূর্ব জ্ঞানের বৈশিষ্ট্যগুলি কী কী ?
৫। কান্ট 'বুদ্ধির পূর্বতসিদ্ধ আকার' বলতে কী বুঝিয়েছেন ?
৬। কান্টের বিশ্লেষক অবধারণের সংজ্ঞা উদাহরণসহ বিবৃত কর।
৭। ক্রিটিক - এর মূল সমস্যা (সংক্ষিপ্ত উত্তর)।
৮। ''আমাদের বুদ্ধি প্রকৃতি (জড়জগৎ)-কে রচনা করে'' - কান্ট অনুসরণে উত্তর দাও।

বিবরণমূলক প্রশ্নাবলী (মান - ১৬)

ইউনিট - ১

১। প্লেটোর জ্ঞানতত্ত্ব।
২। প্লেটোর ধারণাতত্ত্ব
৩। প্লেটোর মতে, ইন্দ্রিয় প্রত্যক্ষ ও সত্য বিশ্বাস জ্ঞান পদবাচ্য নয়। তাহলে জ্ঞান কী ? এ বিষয়ে প্লেটোর মত বিশদভাবে ব্যাখ্যা কর।
৪। প্লেটোর মতে জাতি বা আকারের বৈশিষ্ট্যগুলি কী কী ? প্লেটো কিভাবে জাতির সাথে ব্যক্তির সম্পর্কের ব্যাখ্যা করেন ?
৫। প্লেটোর ধারণাতত্ত্বের সমালোচনা অ্যারিসষ্টটল কিভাবে করেছেন ? যুক্তিগুলি সবিচার আলোচনা কর।
৬। প্লেটোর জাতিতত্ত্বের বিরুদ্ধে অ্যারিসষ্টটল আপত্তিগুলি সংক্ষেপে উল্লেখ কর। এ প্রসঙ্গে অ্যারিসষ্টটল প্রদত্ত 'তৃতীয় মানব' যুক্তটি আলোচনা কর।
৪। অ্যারিসষ্টটল কারণতত্ত্ব বিচারসহ আলোচনা কর।

ইউনিট - ২

১। দেকার্তের পদ্ধতি ও এই পদ্ধতির গুরুত্ব তাঁর দর্শনে কীভাবে প্রতিফলিত হয়েছে ?
২। 'আমি চিন্তা করি, অতএব আমি আছি' - এটি কি অনুমানলব্ধ সত্য ? কোন পদ্ধতি অবলম্বন করে দেকার্ত এই সত্যে উপনীত হয়েছিলেন ? তাঁর দর্শনে এই সত্যের গুরুত্ব কী ?

৩। দেকার্তের মতে সত্যতার মানদণ্ড কী ? দেকার্ত কি তাঁর দর্শনে এই পদ্ধতির সফল প্রয়োগ দেখাতে পেরেছিলেন ? আলোচনা কর।

৪। দেকার্তের দর্শনের প্রথম নীতিটি কী ? তিনি কীভাবে এই নীতিতে উপনীত হন ? এটি কি যথার্থই একটি প্রথম নীতি অথবা নিছকই একটি অনুমানলব্ধ সত্য ? আলোচনা কর।

৫। ঈশ্বরের অস্তিত্ব প্রমাণের উদ্দেশ্যে দেকার্ত প্রদত্ত লক্ষণভিত্তিক যুক্তি ব্যাখ্যা ও বিচার কর।

৬। দেকার্তের মতে সত্যতার মানদণ্ড।

৭। স্পিনোজার মতে ঈশ্বর কী ? স্পিনোজার মতানুসরণে ঈশ্বর ও জগতের সম্পর্ক আলোচনা কর।

৮। স্পিনোজার দ্রব্যতত্ত্ব ব্যাখ্যা কর। স্পিনোজাকে অনুসরণ করে দ্রব্যের সাথে গুণের সম্বন্ধ ব্যাখ্যা কর।

৯। স্পিনোজা স্বীকৃত তিন প্রকার জ্ঞান উপযুক্ত দৃষ্টান্তসহ আলোচনা কর।

১০। স্পিনোজার মতে দ্রব্যের স্বরূপ/ ঈশ্বরের স্বরূপ/ প্রকৃতির স্বরূপ।

১১। Substance = God = Nature - ব্যাখ্যা।

১২। স্পিনোজার মতে জ্ঞানের স্বরূপ।

১৩। লাইবনিজের দর্শনে মনাড-এর স্বরূপ। ('সকল ধারণাই সহজাত' - একথা বলার তাৎপর্য।)।

১৪। লাইবনিজের 'পর্যাপ্ত হেতু নিয়ম' এর যৌক্তিক ও দার্শনিক তাৎপর্য ব্যাখ্যা কর।

১৫। পর্যাপ্ত যুক্তি নিয়মটি কী ? প্রত্যেক বস্তুর অস্তিত্বে যদি পর্যাপ্ত যুক্তি নিয়ম থাকে তবে কীভাবে অভিজ্ঞতালব্ধ আপতিক নিয়ম ব্যাখ্যা করা যাবে ?

১৬। পূর্ব-নিয়ন্ত্রিত সামঞ্জস্যবাদ বলতে লাইবনিজ কী বুঝিয়েছেন ? লাইবনিজের অধিবিদ্যায় এই নীতির গুরুত্ব ব্যাখ্যা।

১৭। লাইবনিজের বুদ্ধি বিষয়ক সত্য ও ব্যাপার বিষয়ক সত্যের মধ্যে পার্থক্য সবিচার আলোচনা কর।

ইউনিট - ৩

১। লকের মতে সহজাত ধারণা খন্ডন।

২। লকের মতে ধারণার স্বরূপ।

৩। লকের মতে জ্ঞানের স্বরূপ।

৪। প্রতিরূপী বস্তুবাদ - ব্যাখ্যা ও বিচার।

৫। লকের মতে দ্রব্য ও গুণের স্বরূপ।

৬। বার্কলের মতে বিমূর্ত ধারণা খন্ডন।

৭। লক-কৃত মুখ্যগুণ ও গৌণগুণের পার্থক্যের বার্কলীয় সমালোচনা।

৮। 'অস্তিত্ব প্রত্যক্ষ নির্ভর' - এর তাৎপর্য কী ? এর থেকে কি অহংসর্বস্ববাদ প্রতিপাদিত হয় ?

৯। হিউমকে অনুসরণ করে মুদ্রন ও ধারণার পার্থক্য।

১০। ধারণার-অনুসঙ্গ-নিয়ম কী ? ব্যাখ্যা ও বিচার কর।

১১। ধারণার সম্বন্ধ বিষয়ক জ্ঞান ও বস্তুস্থিতি বিষয়ক জ্ঞানের মধ্যে পার্থক্য।

১২। হিউমের মতে কার্য-কারণ সম্বন্ধের স্বরূপ ব্যাখ্যা ও বিচার কর।

১৩। হিউমের মতানুসারে সংশয়বাদের ব্যাখ্যা ও বিচার।

ইউনিট - ৪

১। কান্টের দর্শনে মূল সমস্যা।

২। কান্টের বিচারবাদ ব্যাখ্যা ও বিচার।

৩। কান্টের মতানুসারে বিভিন্ন প্রকার বচনের বিভাগ উদাহরণসহ ব্যাখ্যা কর।

৪। Synthetic A-priori judgement (সংশ্লেষক পূর্বতঃসিদ্ধ অবধারণ) সম্ভব কী ? বিস্তারিত আলোচনা কর।

৫। কান্টের মতে 'পূর্বতসিদ্ধ' অবধারণ কাকে বলে ? পূর্বতসিদ্ধ বিশ্লেষক এবং সংশ্লেষক অবধারণের মধ্যে পার্থক্য কী ? কীভাবে পূর্বতসিদ্ধ সংশ্লেষক অবধারণ সম্ভব ? -- কান্টের অনুসরণে উত্তর দাও।

৬। দেশ ও কাল কি অনুভবের পূর্বতঃসিদ্ধ আকার ? যুক্তিসহ বিচার কর।

৭। কান্টের 'বিশুদ্ধ প্রজ্ঞার বিচার' - এর সাধারণ সমস্যাটি কী ?ব্যাখ্যা কর।

৮। কান্ট কীভাবে অনুভব ও সামান্য ধারণার মধ্যে পার্থক্য করেন ? তিনি কীভাবে দেখান যে দেশ হল অনুভব ?

Paper –I V
(WESTERN LOGIC)

সংক্ষিপ্ত প্রশ্নাবলি (মান - ৫)

<u>ইউনিট - ১</u>

১। আরোহ ও অবরোহ যুক্তির পার্থক্য।
২। সত্যতা ও বৈধতার সম্বন্ধ।
৩। পদের ব্যাপ্যতা।
৪। বাক্য থেকে বচনে রূপান্তর।
৫। আবর্তনের নিয়ম।
৬। বিবর্তনের নিয়ম।
৭। মাধ্যম ও অমাধ্যম অনুমান।
৮। বৈধতার সাধারণ নিয়ম।
৯। দ্বিপ্রাকল্পিক ন্যায়।
১০। সংক্ষিপ্ত ন্যায়।
১১। অস্তিত্বমূলক তাৎপর্য।
১২। প্রাকল্পিক ও বৈকল্পিক ন্যায়।

<u>ইউনিট - ২</u>

১। উপমা যুক্তির সংক্ষিপ্ত পরিচয় দাও।
২। পরিশেষ পদ্ধতি।
৩। বৈজ্ঞানিক ও অবৈজ্ঞানিক ব্যাখ্যার পার্থক্য।
৪। Ad Hoc hypothesis (ঠেকো প্রকল্প)।
৫। সম্ভাবতার সূত্র (যে কোন একটি)।

ইউনিট - ৩

১। সত্যাপেক্ষক যোজক।
২। যুক্তি ও যুক্তির আকার।
৩। স্বতঃসত্য ও স্বতঃমিথ্যা বচন।
৪। চিন্তার তিনটি সূত্র।
৫। বস্তুগত প্রতিপত্তির কূটাভাস।
৬। প্রতিপাদন সূত্র (Implication rule) ও প্রতিস্থাপক সূত্র (Replacement rule)।

<u>ইউনিট - ৪</u>

১। এক-ব্যক্তিক বচন।
২। মানক ব্যবহার করে বচনে রূপান্তর।
৩। মানক তত্ত্বের প্রয়োজনীয়তা।
৪। সার্বিক সামান্যীকরণ ও অস্তিত্বমূলক সামান্যীকরণ - দৃষ্টান্তসহ ব্যাখ্যা।
৫। মানক তত্ত্বের সূত্রাবলী।

বিবরণমূলক প্রশ্নাবলী (মান - ১৬)

ইউনিট - ১

১। নিরপেক্ষ বচনের শ্রেণীবিভাগ।
২। পদের ব্যাপ্যতা।
৩। আবর্তন, বিবর্তন ও সমবিবর্তন।
৪। কোন্ বচনের আবর্তন সম্ভব/ সমবিবর্তন সম্ভব ব্যাখ্যা কর।
৫। অ্যারিষ্টটলীয় বচনের চতুর্বর্গ পরিকল্পনা ও তার বুলীয় ভাষ্যরূপ।
৬। নিরপেক্ষ ন্যায়ের বৈধতা বিচার (সাধারণ নিয়মানুযায়ী) ও দোষ নির্ণয় (fallacy)।
৭। ভেন চিত্রের সাহায্যে নিরপেক্ষ ন্যায়ের বৈধতা বিচার ও দোষ নির্ণয় (fallacy)।
৮। বিভিন্ন প্রকার দ্বিপ্রাকল্পিক ন্যায়।

ইউনিট - ২

১। উপমা যুক্তির বৈশিষ্ট্য ও মূল্যায়ন।
২। 'কারণ' - এর সংজ্ঞা।
৩। মিল-এর চারটি পদ্ধতি (প্রত্যেকটির ব্যাখ্যা ও সমালোচনা)।
৪। বৈজ্ঞানিক ও অবৈজ্ঞানিক যুক্তির /ব্যাখ্যার পার্থক্য।
৫। বৈজ্ঞানিক পরীক্ষার পদ্ধতি/ প্রক্রিয়া ও তার মূল্যায়ন।
৬। সম্ভাব্যতা নির্ণয়।

ইউনিট - ৩

১। বিভিন্ন সংযোজকের সত্যসারণীর সাহায্যে সংজ্ঞা বা সত্যসারণীর সাহায্যে যুক্তির বৈধতা বিচার বা সত্যসারণীর সাহায্যে বচনাকারের সত্যমূল্য নির্ণয়।
২। চিন্তার তিনটি সূত্র (মান - ৮)।
৩। লঘুকরণ পদ্ধতির সাহায্যে যুক্তির বৈধতা-অবৈধতা বিচার ও বচনাকারের সত্যমূল্য নির্ণয়।
৪। লঘুকরণ পদ্ধতির (পূর্ণপাতন ও পক্ষপাতন) সাহায্যে বচনের প্রতিপত্তি নির্ণয়।
৫। ১৯ Rules-এর সাহায্যে যুক্তির বৈধতা নির্ণয়।
৬। সত্যমূল্য আরোপ করে যুক্তির অবৈধতা নির্ণয়।

ইউনিট - ৪

১। মানক-এর সাহায্যে বচনের প্রতিকায়িত রূপ। (Part Question)
২। মানক তত্ত্বের বৈধতার নিয়মগুলির সাহায্যে যুক্তির বৈধতা।
৩। পরিমাণক যুক্ত যুক্তিগুলির অবৈধতা নির্ণয়।
৪। Logically equivalent natural formula এবং propositional function থেকে Proposition পাওয়ার পদ্ধতি / সূত্রগুলি।

৫। Quantifier-এর negetion-এর সূত্র। (Part Question)

Paper – V
(INDIAN LOGIC AND EPISTIMOLOGY)

সংক্ষিপ্ত প্রশ্নাবলি:-   (মান - ৫)

ইউনিট - ১

১। বুদ্ধির লক্ষণ। বুদ্ধি কয় প্রকার ও কী কী ?
২। স্মৃতির লক্ষণে ব্যবহৃত 'মাত্র' শব্দ।
৩। বুদ্ধির লক্ষণ নির্বিকল্পক প্রত্যক্ষে প্রযোজ্য কিনা ?
৪। স্মৃতির লক্ষণ। স্মৃতি কয় প্রকার ও কী কী ?
৫। অন্নংভট্ট অনুসরণে যথার্থ স্মৃতি ও অযথার্থ স্মৃতির পার্থক্য কর।
৬। যথার্থ অনুভবের লক্ষণ।
৭। অন্নংভট্ট অনুসরণে অযথার্থ অনুভবের লক্ষণ ব্যাখ্যা।
৮। সংশয়কে কেন অপ্রমার অন্তর্গত করা হয় ? তর্কসংগ্রহ অনুসারে উত্তর দাও।
৯। অনুভবের লক্ষণ। এর দুটি প্রকার কী কী ?
১০। প্রমা ও প্রমাণের - বিভিন্ন বিভাগ।
১১। ব্যাপারের লক্ষণটি ব্যাখ্যা কর।
১২। কারণের লক্ষণ। করণের লক্ষণ।
১৩। অন্যথাসিদ্ধি কাকে বলে ?
১৪। কারনের লক্ষণে ব্যবহৃত 'অন্যথাসিদ্ধত্ব' বিশেষণের প্রয়োজন ব্যাখ্যা কর
১৫। কার্যের লক্ষণ দাও।
১৬। কারণের বিভিন্ন প্রকার - উদাহরণসহ ব্যাখ্যা।

ইউনিট - ২

১। প্রত্যক্ষের লক্ষণ দাও।
২। নির্বিকল্পক ও সবিকল্পক জ্ঞানের পার্থক্য।
৩। ছয় প্রকার লৌকিক সন্নিকর্ষের উল্লেখ কর।
৪। দূরবর্তী শব্দ শ্রবণ সম্ভব হয় কিভাবে ?
৫। নিম্নলিখিত প্রত্যেক প্রত্যক্ষে ইন্দ্রিয়, বিষয় ও সন্নিকর্ষ নির্ধারণ কর :
   ক) আমের মিষ্ট স্বাদের রাসন প্রত্যক্ষ।
   খ) আত্মায় সুখের অভাবের প্রত্যক্ষ।
৬। অনুপলব্ধিকে কি নৈয়ায়িক স্বতন্ত্র প্রমাণ রূপে স্বীকার করেন ? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও।
৭। অভাবের প্রত্যক্ষ কি ভাবে সম্ভব ?
৮। অন্নংভট্ট অনুসরণে প্রসঙ্গ উল্লেখপূর্বক সামান্যলক্ষণা প্রত্যাসত্তি ব্যাখ্যা কর।
৯। নির্বিকল্পক প্রত্যক্ষের অস্তিত্ব কীভাবে সিদ্ধ হয় ?

ইউনিট - ৩

১। অনুমানের লক্ষণ দাও। (তর্কসংগ্রহ অনুসারে)
২। অন্নংভট্টের মতে পরামর্শ কী ?
৩। পক্ষতা কাকে বলে ?
৪। দীপিকায় প্রদত্ত ব্যাপ্তির লক্ষণ ব্যাখ্যা কর।
৫। ব্যাপ্তিগ্রহের উপায়গুলি কী কী ?

৬। পক্ষধর্মতা জ্ঞান কাকে বলে ?
৭। স্বার্থানুমিতি ও পরার্থানুমিতির পার্থক্য কী ? পক্ষ, সপক্ষ ও বিপক্ষ - কাকে বলে ? উদাহরণ দাও।
৮। উদাহরণসহ কেবল ব্যাতিরেকী লিঙ্গ ব্যাখ্যা কর।
৯। সৎ হেতুর বৈশিষ্ট্যগুলি আলোচনা কর।
১০। হেত্বাভাসের বিভিন্ন প্রকারগুলির সংজ্ঞা ও উদাহরণ দাও।
১১। সৎপ্রতিপক্ষ হেত্বাভাসের লক্ষণ উদাহরণসহ ব্যাখ্যা কর।
১২। অন্নংভট্ট অনুসরণে 'ভূয়োদর্শন' পদের ব্যাখ্যা।
১৩। অন্নংভট্ট লিঙ্গকে অনুমিতির করণরূপে গণ্য করেন নি কেন ?
১৪। একটি পঞ্চাবয়বী কেবলব্যতিরেকী-অনুমান গঠন কর।
১৫। টেবিল অনিত্য, কারণ তার অবয়ব আছে - এই অনুমানটির পরামর্শ গঠন কর।

<u>ইউনিট - ৪</u>

১। অন্নংভট্টকে অনুসরণ করে উপমান প্রমাণের লক্ষণ ও উদাহরণ দাও।
২। অর্থাপত্তি প্রমাণের স্বরূপ ব্যাখ্যা কর।
৩। শব্দ প্রমাণের লক্ষণ ও উদাহরণ দাও।
৪। শক্তি পদের অর্থ কী ? শক্তির স্বরূপ ব্যাখ্যা কর।
৫। লক্ষণা কাকে বলে ? বিভিন্ন প্রকার লক্ষণাগুলি কী কী ?
৬। গৌণী বৃত্তি বলতে কি বোঝায় ?
৭। ব্যঞ্জনা বৃত্তি বলতে কি বোঝায় ?
৮। যোগ-রূঢ়ী-এর অর্থ কী ?
৯। শব্দ প্রমাণান্তর নয় কেন ?
১০। শাব্দ-বোধের তিনটি শর্ত কী কী ?
১১। শাব্দ-বোধ কয় প্রকার ও কী কী ?
১২। তর্ককে বিপর্যয়ের অন্তর্ভুক্ত করা যায় না কেন ?
১৩। অর্থাপত্তি কি প্রমাণান্তর ? দীপিকা অনুসরণে আলোচনা কর।
১৪। 'আপ্তবাক্যং শব্দ' তর্কসংগ্রহে এই পংক্তিটিতে 'আপ্ত' ও 'বাক্য' শব্দের অর্থ কী ?
১৫। ন্যায়মতে জ্ঞানের প্রামাণ্যের উৎপত্তির কারণ কী ? প্রত্যেক প্রকার প্রমার ক্ষেত্রে তা উল্লেখ কর।
১৬। একটি পদের শক্তি কীভাবে নির্ণিত হয় ?

বিবরণ মুলক প্রশ্নাবলী (মান - ১৬)

<u>ইউনিট - ১</u>

১। অন্নংভট্ট প্রদত্ত বুদ্ধির লক্ষণ ব্যাখ্যা ও বিচার কর।
২। প্রমা বা যথার্থ অনুভবের লক্ষণটি ব্যাখ্যা ও বিচার কর। দীপিকাতে অন্নংভট্ট ঐ লক্ষণের কি পরিবর্তন করেছেন এবং কেন করেছেন, লেখ।
৩। অপ্রমা বা অযথার্থ অনুভবের লক্ষণটি ব্যাখ্যা কর। ঐ লক্ষণের অন্নংভট্ট দীপিকাতে কি পরিবর্তন করেছেন এবং কেন করেছেন, যুক্তিসহ আলোচনা কর।

৪। তর্কসংগ্রহে প্রদত্ত স্মৃতির লক্ষণ ব্যাখ্যা কর। লক্ষণে ব্যবহৃত ‘জ্ঞান’ ও ‘মাত্র’ পদের সার্থকতা বিচার কর। যথার্থ স্মৃতি কি প্রমা ? উত্তরের সপক্ষে যুক্তি দাও।

৫। তর্কসংগ্রহ প্রদত্ত করণের লক্ষণটি বিশ্লেষণ কর। দীপিকাতে প্রদত্ত ব্যাপারের লক্ষণটি ব্যাখ্যা কর। অন্নংভট্ট অনুসরণে প্রত্যেক প্রকার প্রমার করণ ও ব্যাপার উল্লেখ কর।

৪। কারণের লক্ষণটি ব্যাখ্যা কর। ভাব কার্যের কারণ কয় প্রকার ও কী কী ? উদাহরণসহ ব্যাখ্যা কর।

৫। অন্যথাসিদ্ধি কাকে বলে ? প্রসঙ্গ উল্লেখ পূর্বক বিভিন্ন প্রকার অন্যথাসিদ্ধির উদাহরণসহ আলোচনা কর।

ইউনিট - ২

১। অন্নংভট্ট অনুসরণে প্রত্যক্ষের লক্ষণ উল্লেখ কর। দীপিকা অনুসরণে লক্ষণে প্রদত্ত পদের তাৎপর্য ব্যাখ্যা কর। অভাব প্রত্যক্ষে লক্ষণের সমন্বয় দাখাও।নিম্নের কারণগুলির মধ্যে অন্নংভট্ট কোন্‌টিকে প্রত্যক্ষ প্রমার করণ বলেন ?

ক) ইন্দ্রিয় খ) ইন্দ্রিয়ার্থ সন্নিকর্ষ

২। নির্বিকল্পক ও সবিকল্পক জ্ঞানের মধ্যে পার্থক্য কর। নির্বিকল্পক জ্ঞানের অস্তিত্বের পক্ষে প্রমাণ কী ?

৩। ছয় প্রকার লৌকিক সন্নিকর্ষের দৃষ্টান্তসহ বিস্তারিত ব্যাখ্যা কর।

নিম্নলিখিত প্রত্যক্ষগুলির প্রতিটি ক্ষেত্রে সন্নিকর্ষ নির্ধারণ কর :

অ) আত্মার সুখের মানস প্রত্যক্ষ, আ) গোলাপ ফুলের লাল রং-এর চাক্ষুস প্রত্যক্ষ, ই) ভূতলে ঘটাভাবের প্রত্যক্ষ, ঈ) মোটর হর্নের শব্দের শ্রোত্র প্রত্যক্ষ।

৪। নৈয়ায়িকগণ কি অনুপলব্ধিকে পৃথক প্রমাণ বলে স্বীকার করেন ? তর্কসংগ্রহ অনুসারে উত্তরের সপক্ষে যুক্তি দাও।

৫। য্যোগ্যানুপলব্ধি কাকে বলে ? য্যোগ্যনুপলব্ধি কি ন্যায় স্বীকৃত চারটি প্রমাণের অতিরিক্ত প্রমাণরূপে স্বীকার করা যায় ? এ ব্যাপারে অন্নংভট্টের মতটি ব্যাখ্যা কর। মীমাংসকদের এ ব্যাপারে অভিমত কি ?

ইউনিট - ৩

১। অন্নংভট্ট প্রদত্ত অনুমানের লক্ষণটি ব্যাখ্যা কর। উক্ত লক্ষণটিকে দীপিকাতে কেন এবং কীভাবে পরিবর্তন করা হয়েছে ? আলোচনা কর।

২। অন্নংভট্ট প্রদত্ত পরামর্শের লক্ষণটি কি ? দীপিকাতে ঐ লক্ষণের কি প্রকার পরিবর্তন করা হয়েছে এবং কেন করা হয়েছে, লেখ।

৩। পরামর্শ কাকে বলে ? অন্নংভট্ট দীপিকায় কীভাবে ‘ব্যাপ্তিবিশিষ্ট’ পদটি অর্থ ব্যাখ্যা করেছেন ? অন্নংভট্ট কোন্ যুক্তিতে ব্যাপ্তিজ্ঞান ও পক্ষধর্মতা জ্ঞানের অতিরিক্ত পরামর্শকে অনুমিতির কারণরূপে গণ্য করেছেন ?

৪। ব্যাপ্তির লক্ষণটি ব্যাখ্যা কর। ব্যাপ্তিগ্রহের উপায়গুলি কী কী ? আলোচনা কর।

৫। পক্ষতা কাকে বলে ? তর্কসংগ্রহ অনুসারে আলোচনা কর।

৬। স্বার্থানুমিতি ও পরার্থানুমিতির পার্থক্য কর। এই প্রসঙ্গে পঞ্চাবয়বী ন্যায়ের স্বরূপ আলোচনা কর।

৭। লিঙ্গ বা হেতু কাকে বলে ? তিন প্রকার হেতুর স্বরূপ বর্ণনা কর।

৮। অন্নংভট্ট অনুসরণে কেবলব্যতিরেকী লিঙ্গ ও কেবলান্বয়ী লিঙ্গের মধ্যে পার্থক্য নির্ণয় কর। একটি পঞ্চাবয়ব বিশিষ্ট কেবলব্যতিরেকী ন্যায় গঠন কর। কেবল ব্যতিরেকী অনুমানের সাধ্য ‘ইতরভেদ’ বিষয়ে যে প্রশ্ন দীপিকাতে উত্থাপিত হয়েছে তা অন্নংভট্ট অনুসরণে আলোচনা কর।

৯। পাঁচ প্রকার হেত্বাভাসের স্বরূপ বর্ণনা কর যথার্থ উদাহরণসহ।

১০। তর্কসংগ্রহে প্রদত্ত উপাধির লক্ষণ ব্যাখ্যা কর। বিভিন্ন প্রকার উপাধি দৃষ্টান্তসহ ব্যাখ্যা কর।

১১। নিম্নলিখিত অনুমিতিগুলির প্রত্যেকটির পক্ষ, সাধ্য ও হেতু নির্ণয় কর এবং হেতুটি কেন অশুদ্ধ তা ব্যাখ্যা কর।

অ) সব কিছুই অনিত্য, কেননা সবকিছু প্রমেয়।
আ) চিনি তিক্ত, যেহেতু তা দ্রব্য
ই) আত্ম বিনাশী, যেহেতু তা দ্রব্য
ঈ) বহ্নি শীতল, যেহেতু তা দ্রব্য।
উ) আকাশকুসুম সুগন্ধযুক্ত, যেহেতু তাতে কুসুমত্ব আছে।
ঊ) আত্মার অংশ আছে, কেননা তাতে আত্মত্ব ধর্ম আছে।

<u>ইউনিট - ৪</u>

১। উপমান প্রমাণ কাকে বলে ? উদাহরণসহ ব্যাখ্যা কর।

২। পদশক্তি বলতে কি বোঝায় ? এই প্রসঙ্গে পদ-পদার্থ সম্বন্ধ কাকে বলে ? আলোচনা কর। শক্তিগ্রহের উপায়গুলি কী কী ? আলোচনা কর।

৩। লক্ষণা কাকে বলে ? বিভিন্ন প্রকার লক্ষণাগুলির স্বরূপ আলোচনা কর। এই প্রসঙ্গে কখন একটি পদের নানা শক্তি কল্পনা করা হয়, তা অন্নভট্ট অনুসরণে আলোচনা কর।

৪। অন্নংভট্ট অনুসরণে তিন পা্রকার অযথার্থ অনুভবের বিশদরূপে ব্যাখ্যা কর।

৪। শাব্দবোধের শর্তগুলি কী কী ? দৃষ্টান্তসহ আলোচনা কর।

৫। অর্থাপত্তিকে স্বতন্ত্র প্রমাণ রূপে স্বীকার করা যায় কি ? এই প্রসঙ্গে মীমাংসক ও নৈয়ায়িকদের যুক্তিগুলি কী ? আলোচনা কর।

৬। তর্কসংগ্রহ অনুসারে প্রাভাকরদের অখ্যাতিবাদের সবিচার আলোচনা কর।

৮। ভ্রম বিষয়ে প্রাভাকর মতটি ব্যাখ্যা কর। অন্নংভট্ট কিরূপে এই মতটি খণ্ডন করেন ? ভ্রম বিষয়ক ন্যায় মতটি কি নামে পরিচিত ?

৯। অনুব্যবসায় কাকে বলে ? উদাহরণসহ ব্যাখ্যা কর। ‘প্রামাণ্য’ পদটি অর্থ কি ? জ্ঞানের প্রমাণ্য কি অনুব্যবসায়গম্য অন্নংভট্ট অনুসরণে উত্তর দাও।

Paper – VI
PHILOSOPHY OF LANGUAGE, EPISTEMOLOGY AND METAPHYSICS (WESTERN)

সংক্ষিপ্ত প্রশ্নাবলি (মান - ৫)

ইউনিট - ১

১। 'অর্থ' শব্দের কয়েকটি অর্থ।
২। অস্পষ্টতার দুটি কারণ লেখ।
৩। বিভিন্ন বাক্য যাতে 'অর্থ' কথাটি আছে। সেখানে 'অর্থ' কথাটি কি অর্থে ব্যবহৃত হয়েছে ?
৪। বাক্যার্থের যে কোন দুটি শর্ত।
৫। সব বৈশিষ্ট্যকে কি সংজ্ঞার্থজ্ঞাপক বৈশিষ্ট্য বলা যায় ?
৬। বিভিন্ন definition – ostensive, reportive, stipulative etc. - মূল বক্তব্য।
৭। কোন শব্দগুলির কেবল ostensive /প্রদর্শনমূলক সংজ্ঞাই দেওয়া যায় ? ব্যাখ্যা দাও।

ইউনিট - ২

১। 'জ্ঞান' কথাটির দুটি অর্থে (যে কোন) প্রয়োগ। (দৃষ্টান্তসহ)
২। সবল এবং দুর্বল অর্থে 'জ্ঞান' কথাটির প্রয়োগ।
৩। বিশ্লেষক বচনের বৈশিষ্ট্য।
৪। বিশ্লষক ও সংশ্লেষক প্রভেদের বিরুদ্ধে দুটি আপত্তি।
৫। সত্যতা সংক্রান্ত প্রায়োগিক সত্যতত্ত্ব।
৬। হসপার্স-মতে কোন বিষয়ের সাধারণ ধারণা থাকা বলতে কি বোঝায় ?
৭। বাচনিক জ্ঞানের শর্তগুলি কী কী ? সংক্ষেপে ব্যাখ্যা কর।
৮। হসপার্স-মতে সংজ্ঞাকে কি জ্ঞানলাভের উপায় হিসাবে গ্রহণ করা যায় ?
৯। সংসক্তিবাদ অনুযায়ী 'সংশক্তি' কথাটির অর্থ কী ?
১০। যৌক্তিক সম্ভাব্যতা বলতে কী বোঝায় ?
১১। অনিবার্য সংশ্লেষক বচন কি সম্ভব ? যুক্তি দাও(হসপার্স মতে)

ইউনিট - ৩

১। 'প্রাকৃতিক নিয়ম' কথাটির প্রকৃত তাৎপর্য কী ?
২। নির্দেশক ও বর্ণনামূলক নিয়মের মধ্যে যে কোন দুটি পার্থক্য।
৩। নিয়ম ও প্রকল্পের মধ্যে পার্থক্য।
৪। হেতু প্রদর্শন ও ব্যাখ্যাকরণ-এর মধ্যে পার্থক্য।
৫। আরোহ অনুমানের মূল সমস্যা কী ?
৬। পরীক্ষণ যোগ্যতা ও অর্থবহতার মধ্যে সম্বন্ধ।
৭। অর্থের সমর্থনযোগ্যতা তত্ত্বের মূল বক্তব্য।
৮। অর্থের সমর্থনযোগ্যতা তত্ত্ব ও যচাইযোগ্যতা তত্ত্বের মধ্যে পার্থক্য।
৯। হসপার্স মতে কারণের সংজ্ঞা।
১০। আবশ্যিক শর্ত ও পর্যাপ্ত শর্তের মধ্যে পার্থক্য।
১১। নিয়ন্ত্রণবাদের মূল বক্তব্য।
১২। অদৃষ্টবাদের মূল বক্তব্য কী ?

১৩। নিয়ন্ত্রণবাদ ও অদৃষ্টবাদের পার্থক্য।

১৪। নিয়ন্ত্রণবাদের বিরুদ্ধমত হিসাবে অনিয়ন্ত্রণবাদের মূল বক্তব্য।

ইউনিট - ৪

১। সরল বস্তুবাদের মূল বক্তব্য।

২। সরল বস্তুবাদের সঙ্গে প্রতিরূপী বস্তুবাদের পার্থক্য।

৩। ভাববাদের মূল বক্তব্য।

৪। সবল ও দুর্বল ভাববাদের মধ্যে পার্থক্য।

৫। অবভাসবাদের মূল বক্তব্য।

৬। জাতি (Universal) সংক্রান্ত প্লেটোর মতবাদের মূল বক্তব্য।

৭। যৌগিক দ্রব্য ও মৌলিক দ্রব্যের মধ্যে সম্বন্ধ।

৮। অ্যারিষ্টটলের জাতিতত্ত্ব।

বিবরণমূলক প্রশ্নাবলি প্রশ্নমান - ১৬

ইউনিট - ১

১। শব্দ ও অর্থ (Word-meaning)-এদের সম্পর্ক হসপার্স কীভাবে ব্যাখ্যা করেছেন। শব্দ কি অর্থের ক্ষুদ্রতম একক ?

২। শব্দের স্বরূপ। শব্দকে কি শেষ বিচারে প্রথাসিদ্ধ সংকেত বলা যায় ?

৩। শব্দ প্রয়োগের সাধারণ রীতি ও তার ব্যতিক্রম (Part Question)।

৪। মানে বা 'অর্থ' কথাটির বিভিন্ন তাৎপর্য।

৫। দ্ব্যর্থতার স্বরূপ ব্যাখ্যা কর। দ্ব্যর্থতা ও অস্পষ্টতার মধ্যে পার্থক্য।

৬। শব্দার্থ কাকে বলে ? বিভিন্ন প্রকার শব্দার্থ তত্ত্ব ব্যাখ্যা কর।

৭। সংজ্ঞার্থ কাকে বলে ? সংজ্ঞার্থজ্ঞাপক বৈশিষ্ট্য ও সহগামী বৈশিষ্ট্য কাকে বলে ? দৃষ্টান্তসহ ব্যাখ্যা কর।

৮। বিভিন্ন প্রকার সংজ্ঞার্থ।

৯। প্রদর্শনমূক সংজ্ঞার্থ।

১০। শব্দার্থের অস্পষ্টতা ও তার গুরুত্ব।

১১। বাক্যের অর্থের জন্য শব্দার্থ ছাড়াও কোন্ অতিরিক্ত বিষয়গুলি প্রয়োজন ? বিস্তারিত উত্তর দাও। (আকাঙ্খা, যোগ্যতা, আসত্তি)

১২। কোন্ কোন্ শর্ত পুরণ হলে কোন বাক্যের অর্থ আছে বলে দাবী করা যায় ?
অর্থাৎ, হসপার্সের মতে বাক্যার্থের শর্তাবলী কী কী ? দৃষ্টান্তসহ ব্যাখ্যা কর।

১৩। শব্দার্থের অস্পষ্টতার বিভিন্ন কারণগুলি ব্যাখ্যা কর।

ইউনিট - ২

১। ধারণা সংক্রান্ত বুদ্ধিবাদ।

২। ধারণা সংক্রান্ত অভিজ্ঞতাবাদ।

৩। 'জানা' শব্দের বিভিন্ন অর্থ।

৪। বাচনিক জ্ঞানের শর্তাবলি।

৫। সত্যতা সংক্রান্ত অনুরূপতাবাদ সম্পর্কে হতপার্সের মত।

৬। সত্যতা সংক্রান্ত সংসক্তিবাদ/ এ সম্পর্কে হসপার্সের মত।

৭। বিশ্লেষক বচনের স্বরূপ।
৮। হসপার্স মতে বচনকে বিশ্লেষক ও সংশ্লেষক - এই দুটি শ্রেণীতে ভাগ করা যায় কী ?
৯। সম্ভাব্যতা ও অসম্ভাব্যতার মধ্যে পার্থক্য। বিভিন্ন প্রকার সম্ভাব্যতার পারস্পরিক সম্পর্কের স্বরূপ বর্ণনা কর।
১০। পূর্বতঃসিদ্ধ সংশ্লেষক বচন কাকে বলে ? পূর্বতঃসিদ্ধ সংশ্লেষক জ্ঞানের সম্ভাব্যতা প্রসঙ্গে হসপার্স-এর মত আলোচনা কর।
১১। হসপার্স কিভাবে কান্টের মতবাদের সমালোচনা করেছেন তা ব্যাখ্যা কর। (Part Question)।
১২। বিভিন্ন প্রকার সম্ভাব্যতা ও অসম্ভাব্যতা দৃষ্টান্তসহ ব্যাখ্যা কর।

ইউনিট - ৩

১। প্রাকৃতিক নিয়ম কাকে বলে ? নির্দেশমূলক ও বর্ণনামূলক নিয়মের মধ্যে পার্থক্য নির্ণয় কর। প্রাকৃতিক নিয়ম কোন্ প্রকার নিয়ম ?
২। প্রাকৃতিক নিয়মের স্বরূপ ও তাৎপর্য ব্যাখ্যা কর।
৩। ব্যাখ্যাকরণ বলতে কী বোঝায় ? বৈজ্ঞানিক ব্যাখ্যার বৈশিষ্টা কী ? বৈজ্ঞানিক ব্যাখ্যা ও অভিপ্রায়মূলক ব্যাখ্যার মধ্যে পার্থক্য কী ?
৪। আরোহ অনুমানের সমস্যা কী ? একে প্রকৃত সমস্যা বলা যায় কী ? হসপার্স এই সমস্যার সমাধান কীভাবে করেছেন ?
৫। অর্থের যাচাইযোগ্যতা তত্ত্ব / অর্থের সমর্থনযোগ্যতা তত্ত্ব।
৬। পরীক্ষণযোগ্যতা ও অর্থবহতার সম্বন্ধ। পরীক্ষাযোগ্যতা মানদণ্ডের সাধারণ ত্রুটিগুলি আলোচনা কর।
৭। কারণের সংজ্ঞা দাও। এই প্রসঙ্গে কারণের বৈশিষ্ট্য ব্যাখ্যা কর।
৮। কার্য-কারণ সম্পর্কে হিউমের বক্তব্য। হসপার্স এই মতের কীরূপে সমালোচনা করেছেন ?
৯। কার্য-কারণ নিয়ম বলতে কি বোঝায় ? এই নিয়ম কি অকাট্য ? অভিজ্ঞতাবাদী দৃষ্টিভঙ্গি ও অভিজ্ঞতা নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি।
১০। নিয়ন্ত্রণবাদ ও অনিয়ন্ত্রণবাদের পার্থক্য।
১১। নিয়ন্ত্রণবাদ ও ‘স্বাধীনতা’ কথাটির বিভিন্ন অর্থ/ নিয়ন্ত্রণবাদ কি স্বাধীন ইচ্ছার বিরোধী। হসপার্সকে অনুসরণ করে ব্যাখ্যা কর।

ইউনিট - ৪

১। প্রতিরূপী বস্তুবাদ ও তার সমালোচনা।
২। বার্কলের ভাববাদ ও তার সমালোচনা।
৩। অবভাসবাদের সবিচার ব্যাখ্যা।
৪।জাতি/ সামান্য সংক্রান্ত প্লেটোর মত ও তার সমালোচনা।
৫। সামান্য সংক্রান্ত অ্যারিষ্টটলের মত ও তার সমালোচনা।
৬। সামান্য সংক্রান্ত সাদৃশ্যমূলক জাতিতত্ত্ব ও তার সমালোচনা।

Paper – VII
(ETHICS AND PHILOSOPHY OF RELIGION)

সংক্ষিপ্ত প্রশ্নাবলি : (প্রশ্নমান - ৫)

ইউনিট - ১

১। স্থিতপ্রজ্ঞ ব্যক্তির বৈশিষ্ট্য কী ?
২। সকাম ও নিষ্কাম কর্মের মধ্যে পার্থক্য কর।
৩। মোক্ষের সংক্ষিপ্ত বিবরণ দাও।
৪। অর্থ ও কামের মধ্যে পার্থক্য কী ?
৫। ঋণ কয় প্রকার ও কী কী ?
৬। 'ঋত' কথাটির অর্থ কী ?
৭। অনুব্রত ও মহাব্রতের মধ্যে পার্থক্য কী ?
৮। জৈন মতে অহিংসা।
৯। পঞ্চশীল কাকে বলে ?
১০। ব্রহ্মবিহার বলতে কী বোঝ ?
১১। বর্ণাশ্রম ধর্ম বলতে কি বোঝ ?

ইউনিট - ২

১। নৈতিক ও অনৈতিক ক্রিয়ার মধ্যে পার্থক্য কী ?
২। নৈতিক বিচারের বিষয়বস্তু কী ?
৩। উদ্দেশ্য ও অভিপ্রায়ের মধ্যে পার্থক্য কী ?
৪। নীতি-উপযোগবাদ কাকে বলে ?
৫। কর্ম-উপযোগবাদ কাকে বলে ?
৬। নৈতিক সুখবাদ কাকে বলে ?
৭। কর্ম-কর্তব্যবাদ কাকে বলে?
৮। নীতি কর্তব্যবাদ কাকে বলে ?

ইউনিট - ৩

১। ধর্ম দর্শন কাকে বলে ?
২। ধর্ম দর্শনের বিষয়বস্তু কী ?
৩। পবিত্র কোরাণের দার্শনিক নীতিগুলি কী ?
৪। ত্রিত্ববাদ বলতে কী বোঝায় ?
৫। পবিত্র কোরাণে কি ভাবে ঈশ্বরের বর্ণনা দেওয়া হয়েছে ?
৬। পবিত্র কোরাণে কি ভাবে জগৎ-এর সাথে মানুষের সম্বন্ধ ব্যাখ্যা করা হয়েছে ?

ইউনিট - ৪

১। ঈশ্বরের অস্তিত্বের পক্ষে বিশ্বতাত্ত্বিক যুক্তিটি আলোচনা কর।
২। ঈশ্বরের অনস্তিত্ব প্রসঙ্গে চার্বাক প্রদত্ত অন্ততঃ দুটি যুক্তি দাও।
৩। ধর্মীয় ভাষা কেন্দ্রিক সমস্যাটি কী ?
৪। D.Z. Philip-এর ভাষার-খেলা সম্পর্কীয় তত্ত্বটি কী ?
৫। ধর্মীয় ভাষা প্রসঙ্গে Randal - এর মতটি আলোচনা কর।

বিবরণমূলক প্রশ্ন (মান - ১৬)

ইউনিট - ১

১। নীতিবিদ্যা কাকে বলে ? এর বিষয়বস্তু কী ? এর স্বীকার্য সত্যগুলি কী ?
২। ভগবদ্‌গীতা-কে অনুসরণ করে স্থিতপ্রজ্ঞ ব্যক্তির বৈশিষ্ট্য আলোচনা কর।
৩। গীতায় বর্ণিত কর্মযোগের বিস্তরিত ব্যাখ্যা কর।
৪। পুরুষার্থ কাকে ? বিভিন্ন প্রকার পুরুষার্থগুলির সম্বন্ধ আলোচনা কর।
৫। 'ধর্ম' কথাটির অর্থ কী ? সামান্য ধর্ম ও বিশেষ ধর্মের মধ্যে পার্থক্য কী ? বিশেষ ধর্ম কয় প্রকার ও কী কী ?
৬। ব্রহ্মবিহার ভাবনা বলতে কি বোঝায় ? ব্যাখ্যা কর।

ইউনিট - ২

১। নৈতিক ও অনৈতিক ক্রিয়ার মধ্যে পার্থকা কর। অনৈতিক ক্রিয়া কয় প্রকার ও কী কী ?
২। মনস্তাত্ত্বিক সুখবাদ কাকে বলে ? বিস্তারিত ব্যাখ্যা কর।
৩। নৈতিক সুখবাদের প্রবক্তা কে ? ঐ প্রকার সুখবাদের পক্ষে নির্দিষ্ট যুক্তগুলি কী ?
৪। নীতি উপযোগবাদ কাকে বলে ? এর সঙ্গে কর্ম-উপযোগবাদের কি পার্থক্য লেখ।
৫। নীতি কর্তব্যবাদ কাকে বলে ? এই প্রসঙ্গে কান্টের নৈতিক মতবাদ আলোচনা কর ?
৬। শাস্তি সংক্রান্ত তিনটি মতবাদ বিচারসহ ব্যাখ্যা কর।

ইউনিট - ৩

১। কর্মবাদ ও জন্মান্তরবাদ প্রসঙ্গে বৌদ্ধ মতবাদটি আলোচনা কর।
২। কর্মবাদ ও জন্মান্তরবাদ প্রসঙ্গে জৈন মতবাদটি আলোচনা কর।
৩। পবিত্র কোরাণে ঈশ্বরের কি প্রকার বর্ণনা করা হয়েছে, বিস্তারিত আলোচনা কর।
৪। খ্রীষ্টান ধর্মে মুক্তির ধারণাটি ব্যাখ্যা কর।
৫। পবিত্র কোরাণের দার্শনিক তত্ত্বটি আলোচনা কর।
৬। হিন্দু ধর্মে কর্মবাদের ধারণাটি ব্যাখ্যা কর।

ইউনিট - ৪

১। ঈশ্বরের অস্তিত্ব প্রসঙ্গে লক্ষণভিত্তিক যুক্তিটি আলোচনা কর।
২। ঈশ্বরের অস্তিত্ব প্রসঙ্গে কারণভিত্তিক যুক্তিটি ব্যাখ্যা কর।
৩। ঈশ্বরের অস্তিত্ব সম্বন্ধে নৈয়ায়িকদের যুক্তিগুলি বিচারসহ ব্যাখ্যা কর।
৪। দুরখেইম-এর মতে ঈশ্বরে অনস্তিত্ব সাধক যুক্তি।
৫। ঈশ্বরের অনস্তিত্ব সাধক ফ্রয়েড-এর যুক্তি।
৬। ঈশ্বর প্রসঙ্গে চার্বাক মত।
৭। ঈশ্বর প্রসঙ্গে জৈন মত।
৮।ঈশ্বর প্রসঙ্গে বৌদ্ধ মত।
৯। ধর্মীয় ভাষাগত সমস্যা (প্রত্যেকটি মত)।

Paper – VIII

(OPTIONAL PAPER) ETHICS

সংক্ষিপ্ত প্রশ্নাবলি : (প্রশ্নমান - ৫)

ইউনিট - ১

১। প্লেটোর নৈতিক তত্ত্বের মূল বৈশিষ্ট্য ?
২। প্রায়োগিক নীতিবিদ্যার স্বীকার্য সত্যগুলি কী ?
৩। নৈতিক গুণ (virtue) বলতে অ্যারিষ্টটল কি বুঝিয়েছেন ?
৪। প্লেটোর মতে নৈতিক ব্যক্তির গুণাবলি কী ?
৫। হিউমের মতে নৈতিক গুণ কী ?

ইউনিট - ২

১। প্রয়োগিক নীতিবিদ্যার বিষয়বস্তু কী ?
২। অ-মানুষ পশু কি ব্যক্তি হতে পারে ?
৩। নিশ্চেষ্ট ও সচেষ্ট করুণাহত্যার মধ্যে পার্থক্য কী ?
৪। আত্মহত্যা কাকে বলে ? এর বিভিন্ন প্রকারগুলি কী কী ?
৫। আত্মহত্যার সমর্থনে হিউমের যুক্তি।
৬। চরম দরিদ্রতা ও আপেক্ষিক দরিদ্রতার মধ্যে পার্থক্য।
৭। ন্যায় যুদ্ধ কাকে বলে ?
৮। সর্বাত্মক যুদ্ধ কাকে বলে ?
৯। সন্ত্রাসবাদ কাকে বলে ?

ইউনিট - ৩

১। মানবাধিকার কাকে বলে ?
২। জাতি বৈষম্য বলতে কি বোঝ ?
৩। ধর্ম বৈষম্য কাকে বলে ?
৪। বর্ণ বৈষম্য বলতে কি বোঝায় ?
৫। ন্যায়পরতা বলতে কি বোঝায় ?
৬। ন্যায়পরতার সঙ্গে সাম্যের সম্বন্ধ কী ?
৭। নারীবাদের মূল বক্তব্য কী ?
৮। লিঙ্গ বৈষম্যের মূল কারণ কী ?
৯। পুরুষকেন্দ্রিক মতবাদের মূল বক্তব্য কী ?
১০। নীতিগতভাবে সুরক্ষা প্রদান - একথা বলতে কি বোঝান হয় ?

ইউনিট - ৪

১। 'জীবনের প্রতি শ্রদ্ধা' বলতে কি বোঝায় ?
২। গভীর ও অগভীর বাস্তুসংস্থানের মধ্যে পার্থক্য কী ?
৩। নির্দেশবাদ বলতে কি বোঝায় ?
৪। প্রযত্ন নীতিশাস্ত্র বলতে কি বোঝায় ?
৫। বাস্তুবাদের মূল বক্তব্য কী ?

৬। আবেগবাদের মূল বক্তব্য কী ?
৭। নৃ-কেন্দ্রিক ও অ-নৃকেন্দ্রিক নীতিবিদ্যার/ নৈতিকতার মধ্যে পার্থক্য কী ?
৮। বৌদ্ধ কথিত ব্রহ্মবিহার বলতে কি বোঝায় ?

বিবরণমূলক প্রশ্নাবলি (মান - ১৬)

ইউনিট - ১

১। নৈতিক বিচারের স্বীকার্যসত্যগুলি কী ? ব্যাখ্য কর।
২। প্লেটোর নৈতিক মতবাদ সবিচার আলোচনা।
৩। অ্যারিষ্টটলের নৈতিক মতবাদ সবিচার আলোচনা।
৪। নৈতিক উৎকর্ষতা সম্পর্কে হিউমের মতবাদ।
৫। সদাচার বা যথোচিত কর্ম সম্বন্ধে অ্যারিষ্টটলের মতবাদ।

ইউনিট - ২

১। ব্যবহারিক নীতিবিদ্যার স্বরূপ।
২। ইউথানেসিয়া বা করুণাহত্যার পক্ষে ও বিপক্ষে যুক্তি আলোচনা।
৩। ঐচ্ছিক ও অনৈচ্ছিক করুণাহত্যা।
৪। আত্মহত্যা কাকে বলে ? আত্মহত্যার প্রকারভেদ। আত্মহত্যা নৈতিক দিক থেকে সমর্থনযোগ্য কি না - বিচার কর।
৫। পশুহত্যা কি নৈতিক দিক থেকে সমর্থনযোগ্য ? সবিচার আলোচনা কর।
৬। দরিদ্রদের সাহায্য না করা কি নৈতিক দিক থেকে সমর্থনযোগ্য ?
৭। দুর্ভিক্ষ প্রসঙ্গে প্রাচুর্য ও নৈতিকতা।
৮। যুদ্ধে অসামরিক ব্যক্তিদের হত্যা করা কি নৈতিকভাবে সমর্থনযোগ্য ?

ইউনিট - ৩

১। লিঙ্গ বৈষম্যের স্বরূপ ব্যাখ্যা কর। এই প্রসঙ্গে রক্ষণশীল মতবাদের সঙ্গে উদারপন্থী মতবাদের পার্থক্য আলোচনা কর।
২। জাতি বৈষম্যের বিরুদ্ধে উদারপন্থী মতবাদ।
৩। সমতাবাদী সমাজব্যবস্থা বলতে কী বোঝায় ? সমতাহীন সমাজব্যবস্থায় কী এইরূপ সমাজব্যবস্থা বাস্তবে স্থাপন করা সম্ভব ?
৪। ভারতীয় জাতিভেদ প্রথার উৎপত্তি।
৫। প্রাচীন ভারতের বর্ণভেদ প্রথা ও মানুষের অধিকার।
৬। লিঙ্গ বৈষম্যের স্বরূপ ব্যাখ্যা কর। লিঙ্গ বৈষম্যের মূল উৎস আলোচনা কর।
৭। লিঙ্গ বৈষম্য সম্বন্ধে রক্ষণশীল মতবাদ ও তার সমালোচনা।
৮। লিঙ্গ বৈষম্য সম্বন্ধে উদারপন্থী মতবাদ ও তার সমালোচনা।
৯। উদারপন্থী নারীবাদ ও চরমপন্থী নারীবাদের পার্থক্য নির্ণয় কর। চরমপন্থী নারীবাদের বিভিন্ন প্রকারগুলি ব্যাখ্যা ও বিচার কর।
১০। বিপরীতমুখী বৈষম্যের কারণ কী ? পক্ষপাতমূলক ব্যবস্থা কি বিপরীতমুখী বৈষম্যের দিকে নিয়ে যায় ?
১১। মানবাধিকার বলতে কী বোঝ ? মানবাধিকারে প্রধান বৈশিষ্ট্যগুলি আলোচনা কর।

ইউনিট - ৪

১। নৃকেন্দ্রিক ও অ-নৃকেন্দ্রিক নৈতিকতা।
২। বাস্তুসংস্থান - গভীর ও অগভীর বাস্তুসংস্থান।
৩। জ্ঞাতি সম্বন্ধীয় নৈতিক মতবাদ।
৪। জৈন নীতিবিদ্যা।
৫। বৌদ্ধ নীতিবিদ্যা।
৬। অধিনীতিবিদ্যার স্বরূপ।
৭। অনুজ্ঞাসূচক মতবাদ।
৮। আবেগমূলক মতবাদ।

Paper – VIII

(OPTIONAL PAPER)

An Enquiry Concerning Human Understanding (Hume)

সংক্ষিপ্ত প্রশ্নাবলি : (প্রশ্নমান - ৫)

ইউনিট - ১

১। হিউম কিভাবে 'সহজ ও স্পষ্ট দর্শন' এবং সুসংহত ও গূঢ়ার্থ দর্শনের মধ্যে পার্থক্য করেন।

২। হিউমের মতে দুর্বোধ্য দর্শন কি ?

৩। বিভিন্ন প্রকার দর্শনের মধ্যে হিউম কোনটির প্রতি বেশী পক্ষপাতিত্ব করেন।

৪। হিউম অনুসরণে ধারানার অনুষঙ্গ নীতিগুলির সংক্ষিপ্ত আলোচনা কর।

৫। মুদ্রন হল ইন্দ্রিয় উপাত্ত আর ধারণা হল সেই ইন্দ্রিয় উপাত্তের মানসিক প্রতিরূপ - ব্যাখ্যা কর।

৬। অনুষঙ্গ সুত্রগুলি স্বীকারের সমর্থনে হিউমের যুক্তিগুলি সংক্ষেপে লেখ।

ইউনিট - ২

১। হিউম কীভাবে ধারণার সম্বন্ধ বিষয়ক বচন ও বাস্তব ঘটনা বিষয়ক বচনের মধ্যে পার্থক্য করছেন ?

২। হিউম কি সংশ্লেষক পূর্বতসিদ্ধ বচনের সম্ভাব্যতা স্বীকার করেন ?

৩। আকস্মিক সম্ভাব্যতা ও কারনিক সম্ভাব্যতা হিউম অনুসরণে ব্যাখ্যা কর।

৪। অলৌকিক ঘটনার যৌক্তিক সম্ভাব্যতা সম্বন্ধে হিউমের মতবাদ সংক্ষেপে আলোচনা কর।

ইউনিট - ৩

১। পশুদের শিক্ষণের পদ্ধতিটি হিউম কীভাবে ব্যাখ্যা করেছেন ?

২। হিউম 'অনিবার্যতা' বলতে কি বুঝিয়েছেন ?

৩। কারণ ও কার্যের অবশ্যম্ভব সম্বন্ধের বিরুদ্ধে হিউমের দুটি যুক্তি উল্লেখ কর।

৪। স্বাধীনতা ও আবশ্যিকতা কি পরস্পর বিরোধী ? এ বিষয়ে হিউমের মতামত উল্লেখ কর।

৫। প্রাণীদের যুক্তিবিচার ও মানুষের যুক্তিবিচারের মধ্যে পার্থক্য লেখ।

ইউনিট - ৪

১। দেকার্ত যে 'প্রারম্ভিক সংশয়বাদ' সমর্থন করেছেন, হিউম তা কোন যুক্তিতে খণ্ডন করেছেন ?

২। অলৌকিক ঘটনা বলতে কি বোঝ ?

৩। ঈশ্বরের অস্তিত্ব প্রমাণে পরিণাম বা পরিকল্পনা সম্পর্কীয় যুক্তিটি কি সমর্থনযোগ্য ?

৪। সংশয়বাদ বলতে কি বোঝ ?

৫। হিউমকে কোন অর্থে সংশয়বাদী বলা যায় ?

বিবরণমূলক প্রশ্নাবলি (মান - ১৬)

ইউনিট - ১

১। হিউমের মতে 'মিথ্যা অধিবিদ্যা' ও 'সত্য অধিবিদ্যা' কী ? মিথ্যা অধিবিদ্যাকে বর্জন করে সত্য অধিবিদ্যার চর্চা কীভাবে সম্ভব ?

২। অধিবিদ্যা কি পরিত্যাজ্য ? এ প্রসঙ্গে হিউমের মত আলোচনা কর।

৩। মুদ্রণ ব্যতীত ধারণা সম্ভব নয় - তা দেখানোর জন্য হিউম কী কী যুক্তি দেখিয়েছেন ? সবিচার ব্যাখ্যা কর।

৪। তথাকথিত দুর্বোধ্য দর্শনের বিরুদ্ধে হিউম কি যুক্তি উপস্থাপিত করেছেন ? আলোচনা কর।

৫। হিউমকে অনুসরণ করে মুদ্রণ ও ধারণার মধ্যে পার্থক্য নির্ণয় কর। আমাদের সকল ধারণা কি মুদ্রণ থেকে উৎপন্ন হয়।

৬। 'দার্শনিক হও, কিন্তু তোমার সব দর্শনের মধ্যে তবুও মানুষ হও'। দর্শনের প্রতি হিউমের মনোভাব তাঁর এই উক্তি দ্বারা কীভাবে প্রতিফলিত হয়েছে ?

৭। হিউমের মতানুযায়ী অনুষঙ্গের নীতিগুলি ব্যাখ্যা কর। মানুষের বোধে এইগুলির ভূমিকা বিশ্লেষণ কর।

ইউনিট - ২

১। বাস্তব ঘটনা বিষয়ক যুক্তি সম্পর্কে হিউমের মত ব্যাখ্যা কর। তুমি কি হিউমের মত সমর্থন কর।

২। 'বাস্তব ঘটনা বিষয়ক সব যুক্তি কার্য-কারণ সম্পর্কের উপর প্রতিষ্ঠিত' - ব্যাখ্যা কর।

৩। হিউম অভ্যাস ও প্রথা বলতে কী বুঝিয়েছেন ? আমাদের অভিজ্ঞতা ভিত্তিক অনুমানের ক্ষেত্রে প্রথার ভূমিকা কী ?

৪। হিউম কীভাবে কল্পনা ও বিশ্বাসের মধ্যে পার্থক্য করেছেন ? আমাদের জ্ঞানের ক্ষেত্রে বিশ্বাসের ভূমিকা আলোচনা কর।

৫। মানুষের চিন্তন ক্রিয়ায় কল্পনা ও বিশ্বাসের ভূমিকা কী ? এই বিষয়ে হিউমের মত আলোচনা কর।

৬। 'প্রথা বা সংস্কার হল মানব জীবনের গুরুত্বপূর্ণ পথপ্রদর্শক' - ব্যাখ্যা কর।

৭। হিউমের দর্শনে প্রথা বা অভ্যাসের গুরুত্ব আলোচনা কর।

৮। সম্ভাব্যতা ও আকস্মিকতা সম্পর্কে হিউমের মত আলোচনা কর।

৯। সম্ভাব্যতা সম্পর্কে হিউমের মত আলোচনা কর।

ইউনিট - ৩

১। অনিবার্য সম্পর্কের ধারণার উৎস বিষয়ে হিউমের মতটি সবিচার ব্যাখ্যা কর।

২। 'এ্যান এনক্যোয়ারী কনসার্নিং হিউম্যান আন্ডারস্ট্যান্ডিং' গ্রন্থে হিউম কারণের যে দুটি সংজ্ঞা দিয়েছেন তা বিশদভাবে আলোচনা কর।

৩। 'স্বাধীনতা' বলতে হিউম কী বুঝিয়েছেন। স্বাধীনতা কী অনিবার্যতার বিরোধী ? আলোচনা কর।

৪। কারণ কি শক্তি ? শক্তিরূপ কারণের ধারণার বিরুদ্ধে হিউমের যুক্তগুলি বিশ্লেষণ কর।

৫। হিউমের প্রদত্ত কারণের সংজ্ঞাগুলি বিচার পূর্বক আলোচনা কর।

৬। হিউম অবশ্যম্ভব সম্বন্ধ বলতে কি বোঝেন ? তাঁর মতে কোন্ ছাপ বা মুদ্রণের থেকে আমরা অবশ্যম্ভব সম্বন্ধের ধারণা তৈরী করি ?

৭। কার্য-কারণ সম্বন্ধে হিউমের মতবাদ সবিচার আলোচনা কর।

৮। যুক্তিবিচারে মানুষ কিভাবে নিম্নতর প্রাণীদের অতিক্রম করে যায় - এ প্রসঙ্গে হিউমের অভিমত ব্যাখ্যা কর।

ইউনিট -৪

১। হিউম কীভাবে ঈশ্বরের অস্তিত্ব সম্বন্ধীয় যুক্তিগুলি খণ্ডন করেন ? আলোচনা কর।

২। চূড়ান্ত সংশয়বাদ বলতে কী বোঝ ? হিউমের মতে ‘চূড়ান্ত সংশয়বাদ’ - এর বিরুদ্ধে প্রধান ও চূড়ান্ত বিভ্রান্তিকর আপত্তিটি কী ? সংযত সংশয়বাদ সম্পর্কে হিউমের মতামত আলোচনা কর।

৩। অলৌকিক ঘটনা কি সম্ভব ? হিউম এ বিষয়ে কি ব্যাখ্যা দিয়েছেন ?

৪। ধর্মীয় প্রকল্প কি জগৎকে ব্যাখ্যা করার পক্ষে যথেষ্ট ? হিউমের মতানুযায়ী বিষয়টি আলোচনা কর।

৫। হিউমের মতানুযায়ী অলৌকিক ঘটনা হল প্রকৃতির নিয়মাবলী লঙ্ঘন। আলোচনা কর।

৬। হিউম কি সংশয়বাদী ? যদি হন তবে তাঁর সংশয়বাদের বিশেষ বৈশিষ্ট্যগুলি কি কি ?

****